তারিখ 29 OCT 2002
পৃষ্ঠা ৭ কলাম ৫

# চট্টগ্রামে একটেল মোবাইলের হাইস্কুল পর্যায়ে কম্পিউটার নেটওয়ার্ক চালু

**নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ** বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার রাষ্ট্রদূত আশারী বিন সারি বলেছেন, বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে বহুজাতিকে কোম্পানি টি: এম ইন্টারন্যাশনালের হাইস্কুল পর্যায়ে কম্পিউটার প্রদান ও নেটওয়ার্ক চালুর উদ্যোগ মহৎ। তিনি এ সুন্দর উদ্যোগের সফলতা কামনা করে আশা প্রকাশ করেন, অন্য বহুজাতিক কেম্পানিগুলোও এভাবে শিক্ষা সেবায় এগিয়ে আসবেন। এতে করে হাইস্কুল পর্যায়ের ছাত্রছাত্রীরা তথ্য-প্রযুক্তিগত জ্ঞান লাভে সক্ষম হবে। যারা পরবর্তীতে সুন্দর, সুখী জাতি গঠনে অগ্রণী ভূমিকা পালন করবে।

তিনি রোববার দুপুরে নগরীর 'টাইগারপাস বহুমুখী হাইস্কুল'-এ কম্পিউটার নেটওয়ার্কিং চালুর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। টি.এম ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) লিমিটেডের (একটেল মোবাইল) পক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ওই প্রতিষ্ঠানের পক্ষ থেকে গতকাল এ স্কুলে কম্পিউটার প্রদান ও নেটওয়ার্ক চালু করা হয়। এতে বক্তব্য রাখেন টি.এম ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক দাতো ইজানি এ.বি আজিজ, তুরস্কের অনারারি কনসাল ও টি.এম আইবি-এর পরিচালক ও স্কুল পরিচালনা কমিটির চেয়ারম্যান সালাউদ্দিন কাশেম খান। এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মালয়েশিয়ার অনারারি কনসাল শহীদুল ইসলাম, টি.এম'র এরিয়া ম্যানেজার এন.এম জাহাঙ্গীর চৌধুরী, সায়েম আহমদ, সোলেয়মান ডেমিরেল, আনোয়ার ও আহসান হাবিব।

দাতো তার বক্তব্যে ওই স্কুলের বার্ষিক উন্নয়নে সহযোগিতার আশ্বাস দেন।

সালাউদ্দিন কাশেম খান বলেন, শিক্ষা সেবায় এ উদ্যোগ অব্যাহত থাকবে। আমাদের প্রতিষ্ঠান শুধু ব্যবসার পাশাপাশি জনসেবামূলক কার্যক্রমকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করে থাকে।